ঝিনাইদহের কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে নারীর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে অসাবধানত পা পিচলে নীচে পড়ে গিয়ে ট্রেনে কাটা পড়ে এক নারীর মৃত্যু হয়েছে। শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে উপজেলার কালীগঞ্জে মোবারকগঞ্জ রেল স্টেশনে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, রাজধানী ঢাকার খিলক্ষেত জোয়ার সাহারা এলাকার ইকবাল হোসেনের মেয়ে রাবেয়া খাতুন খুলনা থেকে ছেড়ে আসা রাজশাহীগামী কপোতাক্ষ এক্সপ্রেসের যাত্রী ছিলেন। সকাল ৮টার দিকে স্টেশন থেকে বিরতীর পর যাত্রা শুরু করলে ওই নারী ট্রেনে উঠতে যান। এসময় অসাবধনতায় পা পিচলে নীচে পড়ে গেলে ট্রেনে তার দুই পা বিচ্ছিন্ন হয়ে যায়। তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা। সেখান থেকে তাকে যশোর রেফার্ড করা হলে পথেই তার মৃত্যু হয়।

মোবারকগঞ্জ রেলস্টেশনের মাস্টার নয়ন খন্দকার ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনার পর ফায়ার সার্ভিসে খবর দিলে তারা দ্রুত ঘটনাস্থলে পৌছে ওই নারীকে হাসপাতালে নেয়। তার অবস্থা আশংকাজনক হওয়া যশোর রেফার করা হয়েছিলো। তবে যশোরে নেয়ার পথেই ওই নারীর মৃত্যু হয়েছে।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনা ও ট্রেনে কাটা পড়ে দুইজনের মৃত্যু

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনা ও ট্রেনে কাটা পড়ে দুইজনের মৃত্যু হয়েছে। এতে আহত হয়েছে আরও দুজন। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৯টার দিকে সদর উপজেলা মোড়ে বাস ও অটোরিকশার সংঘর্ষে দবোরা খানম সারিকা নামে এক আইনজীবী নিহত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, উপজেলা মোড় এলাকায় একটি অটোরিকশা হঠাৎ মহাসড়কে উঠে গেলে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা শ্যামলী এন.আর পরিবহনের বাস সেটিকে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হন আইনজীবী সারিকাসহ আরও দুইজন। স্থানীয়রা দ্রুত আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসকরা আইনজীবী দবোরা খানমকে মৃত ঘোষণা করে।

এদিকে, দুপুর ১২টার দিকে কুষ্টিয়ার পোড়াদহে ট্রেনে কাটা পড়ে মিজানুর রহমান নামে আরও এক ব্যক্তি নিহত হয়েছেন।

কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোশারফ হোসেন জানান, দুর্ঘটনায় নারী আইনজীবী নিহত হয়েছেন। আরও দুইজন আহত হয়ে জেনারেল হাসপাতালে ভর্তি আছেন। এছাড়াও ট্রেনে কাটা পড়ে একজনের মৃত্যু হয়েছে। দুজনের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় ট্রেনে কাটা পড়ে এক ব্যক্তির মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে আব্দুল আজিজ (৫২) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৮টার দিকে মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের ভারল এলাকার রেল ব্রিজে এ দুর্ঘটনা ঘটে।

নিহত আব্দুল আজিজ মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের বেলগাছি এলাকার মৃত আতর মণ্ডলের ছেলে।

নিহতের ভাতিজা মুস্তাকিম জানান, আমার চাচার মাথায় সমস্যা ছিল।গতকাল শনিবার (২৮ সেপ্টেম্বর) বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ ছিলেন তিনি। রোববার সকালে ফেসবুক পোস্টের মাধ্যমে আমরা পোড়াদহ জিআরপি থানায় এসে আমার চাচার মরদেহ দেখতে পাই।

পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হারুনুর রশিদ

বিষয়টি নিশ্চিত করে জানান, আজ রোববার সকাল সাড়ে ৮টার দিকে মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের ভারোল এলাকার রেল ব্রিজে রাজশাহী থেকে ছেড়ে আসা খুলনাগামী সাগরদাঁড়ি এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে মারা যান।

কোনো অভিযোগ না থাকায় এবং আবেদনের পরিপ্রেক্ষিতে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান তিনি।

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত নারীর মৃত্যু

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত এক নারী মৃত্যুবরণ করেছেন। গতকাল মঙ্গলবার দুপুরে শহরের ঘোড়ামারা ব্রিজ সংলগ্ন দশ পকেট ব্রিজের নিকট এ দূর্ঘটনা ঘটে।

পরিচয় সনাক্ত করতে ঝিনাইদহের পুলিশ ব্যুরো অফ ইনভেস্টিগেশন (পিবিআই)কে জানানো হয়েছে। তারা ফিঙ্গারপ্রিন্ট সংগ্রহ করে অজ্ঞাত নারীর পরিচয় নিশ্চিত করবেন।

চুয়াডাঙ্গা রেলওয়ে ফাড়ি পুলিশ সুত্রে, গতকাল মঙ্গলবার বেলা ১২টার দিকে খুলনা থেকে ছেড়ে আসা ঢাকাগামী চিত্রা এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত নারীর মৃত্যু হয়। মরদেহ উদ্ধার করে রেলওয়ে পুলিশ ফাড়িতে রাখা হয়। পরিচয় সনাক্তের জন্য ঝিনাইদহের পুলিশ ব্যুরো অফ ইনভেস্টিগেশনকে (পিবিআই) জানানো হয়েছে।

রেলওয়ে পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) মাসুদ রানা এ তথ্য নিশ্চিত করে বলেন, চিত্রা এক্সপ্রেস টেনে কেটে অজ্ঞাত এক নারী মারা গেছে। তার বয়স আনুমানিক ৪০ হতে পারে। আমরা মরদেহ উদ্ধার করে পরিচয় সনাক্তের জন্য পিবিআইকে জানিয়েছি। পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

[redacted]

[redacted] (AA) [redacted]

[redacted] (AAAAAAAAAA) [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [